SL-1575/23

1545/23

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

रु.1000 Rs.1000

सत्यमेव जयते

INDIA

W 535

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

Q-2000981283/23

16.05.23
10.45 am

**Endorsement** sheet and signature sheet attached with the document are part of the document.

Addl. Dist. Sub-Registrar
Chandannagar, Hooghly

16 MAY 2023

## শুভ দানপত্র

দাতা- শ্রীমতী শান্তা ঘোষ স্বামী- স্বর্গীয় জহরলাল ঘোষ আধার নং- ৩৫৭০ ১৫৪৮ ৫৫৮১ প্যান- BBXPG9666B ধর্ম- হিন্দু, পেশা- গৃহকর্ম, সাকিন- শুকদেব সিং রোড, উর্দিবাজার, পোষ্ট ও থানা- চন্দননগর, জেলা- হুগলী, পিন- ৭১২১৩৬, ভারতীয় নাগরিক।

গ্রহীতা- শ্রী মনোজিত ঘোষ, পিতা- স্বর্গীয় জহরলাল ঘোষ, আধার নং- ৪৫৩০ ১৬১৩ ১৭৩৫ প্যান- ALYPG7018B ধর্ম- হিন্দু, পেশা- ব্যবসা, সাকিন- শুকদেব সিং রোড, উর্দ্ধিবাজার, পোষ্ট ও থানা- চন্দননগর, জেলা- হুগলী, পিন- ৭১২১৩৬, ভারতীয় নাগরিক।

কস্য শুভ দানপত্র মীদং কার্য্যাঞ্চাগে। জেলা- হুগলী; জে.এল.নং- ১, মহকুমা, থানা, অতিরিক্ত জেলা অবর নিবন্ধক কার্য্যালয় ও মৌজা চন্দননগরের অধীন চন্দননগর পৌরনিগমের ১২ নং ওয়ার্ডের শুকদেব সিং রোড, উর্দ্ধিবাজার নামক মহল্লায় সেটেলমেন্টের ১৪ নং সীটে আর.এস. ১৭১ নং খতিয়ান ভুক্ত আর.এস. ১৯৯ নং দাগে মোট ০.২৩৪২ একর বাস্তু সম্পত্তি মায় তদুপরিস্থিত বহু পুরাতন গৃহাদী পুর্বে শৈলেন্দ্র নাথ ঘোষ পিতা স্বর্গীয় সুখময় ঘোষ মহাশয়ের সম্পত্তি থাকে। উক্ত শৈলেন্দ্র নাথ ঘোষ তাহার তিন পুত্র মানিক লাল ঘোষ, জহরলাল ঘোষ ও মোহনলাল ঘোষ এবং তিন কন্যা সুষমা ঘোষ, লতিমা ঘোষ ও সোনারানী ঘোষ কে রাখিয়া পরলোক গমন করিলে উক্ত মানিকলাল ঘোষ, জহরলাল ঘোষ, মোহনলাল ঘোষ, সুষমা ঘোষ, লতিমা ঘোষ ও সোনারানী ঘোষ তাঁহার ত্যক্ত সম্পত্তির মালিক ও দখলিকার হয়েন। পরবর্তীকালে উক্ত শৈলেন্দ্রনাথ ঘোষ মহাশয়ের পুত্রগন ও কন্যাগন উপরোক্ত সম্পত্তির মালিক হিসাবে নিজ নিজ নাম এল.আর. রেকর্ডের নথীভূক্ত করেন।

গত ২০০১ সালে স্বর্গীয় শৈলেন্দ্র নাথ ঘোষ মহাশয়ের উপরোক্ত পুত্র কন্যাগন নিজেদের মধ্যে উপরোক্ত সম্পত্তি আপোষে বিভাগ বন্টন করিয়া নেন এবং উক্ত বিভাগ বন্টন স্থায়ীরূপে গত ১১/০৪/২০০১ তারিখে চন্দননগর অতিরিক্ত জেলা অবর নিবন্ধক কার্য্যালয়ে রেজীষ্ট্রীকৃত ২০০১ সালের ১নং পুস্তকের ৩১ নং ভালুমের ১৭৯ হইতে ১৮৯ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ ১৫৮৭ নং দলিল হিসাবে নথীভুক্ত রহিয়াছে। উক্ত দলিলের সহসংলগ্ন নক্সায় LOT-B অংশটি যাহা উক্ত দলিলের খ তপশীলে বর্নীত রহিয়াছে যাহাতে বাস্তু সম্পত্তির পরিমান ২ কাঠা ১ ছটাক ২৫ বর্গফুট এবং তদুপরিস্থিত দ্বিতল গৃহাদীর যাহার পরিমান ১৫৩২ বর্গফুট তাহা অত্র দলিলের দাতার স্বামী ও গ্রহীতার পিতা জহরলাল ঘোষ মহাশয় প্রাপ্ত হইয়াছিলেন। উক্ত জহরলাল ঘোষ মহাশয় উপরোক্ত সম্পত্তি প্রাপ্ত হইয়া নিজ নাম ভুমি ও ভুমি সংস্কার

দপ্তরের নথীতে নথীভূক্ত করিয়া তাহাতে ভোগ দখলে কায়েম থাকা কালীন গত ১৪/১১/২০০৫ তারিখে তাহার স্ত্রী শ্রীমতী শান্তা ঘোষ (দাতা), পুত্র শ্রী মনোজীৎ ঘোষ (গ্রহীতা) এবং কন্যা পিয়ালী দাস (স্বামী- শ্রী শান্তনু দাস) কে রাখিয়া পরলোক গমন করিলে দাতা, গ্রহীতা এবং পিয়ালী দাস তাহার ত্যক্ত সম্পত্তির যৌথ মালিক ও দখলীকার হয়েন। স্বর্গীয় জহরলাল ঘোষ মহাশয়ের কন্যা পিয়ালী দাস এর বিবাহ হইয়া গিয়াছে এবং তিনি অন্যত্র বসবাস করেন এবং দাতা ও গ্রহীতা জহরলাল ঘোষ মহাশয়ের ত্যক্ত সম্পত্তিতে বসবাস করেন।

এক্ষনে আমি অত্র দানপত্রের দাতা তুমি গ্রহীতা আমার গর্ভজাত পুত্র হইতেছ। আমি তোমার বিবাহ দিয়াছি। বর্তমানে তুমি ও তোমার স্ত্রী ও কন্যা আমার সহিত একই সংসারে বসবাস করিতেছ। তোমার স্ত্রীর ও তোমার কন্যার সহিত আমার বড়ই সুখের সম্পর্ক রহিয়াছে। তোমরা আমাকে যথেষ্ট শ্রদ্ধা ভক্তি ও সেবা যত্ন করিয়া থাক। তোমাদের ব্যবহারে, সেবা যত্নে আমি যথেষ্ট প্রীত ও সন্তুষ্ট। আমি আমার স্বামীর ত্যক্ত সম্পত্তিতে আমার মালিকানাধীন অবিভক্ত ১/৩ অংশ তোমাকে নিঃশর্তে দান করিয়া দিতে মনঃস্থ করিয়া তোমাকে জানাইলে তুমি আমার স্নেহের দান গ্রহন করিতে স্বীকৃত হইয়াছ।

অতঃপর আমি দানপত্র দাতা তুমি গ্রহীতা তোমার নাম বরাবর অত্র দানপত্র সম্পাদন করিয়া দিয়া এবং নিম্ন তপশীল বর্নীত সম্পত্তিতে আমার মালিকানাধীন অবিভক্ত ১/৩ অংশ তোমাকে দান করিয়া দিয়া স্বীকার, অঙ্গীকার, প্রচার ও প্রকাশ করিতেছি যে, নিম্ন তপশীল বর্নীত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব স্বামীত্ব হক হকিয়ত লাভ লভ্য দখল অধিকারাদি ছিল বা আছে বা ভবিষ্যতে হইতে পারে তৎসমুদয় অদ্য হইতে তুমি দানপত্র গ্রহীতা তোমার উপর বর্তাইল। তুমি অদ্য হইতে নিম্ন তপশীল বর্নীত সম্পত্তিতে দান বিক্রয়াদি সহ সমস্ত প্রকার হস্তান্তরাদি ও রুপান্তরাদি করিবার ক্ষমতা সম্পন্ন হইয়া স্থানিয় পৌরনিগম এবং ভূমি ও ভূমি সংস্কার দপ্তরে তোমার নিজ নাম পত্তন করিয়া ট্যাক্স ও খাজনাদী আদায় দিয়া পুত্র পৌত্রাদি মায় ওয়ারিশ ও স্থলাভিষিক্তগন ক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাক ও থাকিবে। ইহাতে আমি মায় আমার ওয়ারিশ স্থলাভিষিক্ত গন ক্রমে কেহ

কখনও কোনো প্রকার ওজর আপত্তি করিতে পারিবে না , করিলেও তাহা আদালত সহ সর্বত্র বাতিল ও নামঞ্জুর বলিয়া বিবেচিত হইবে।

প্রকাশ থাকে আমি দানপত্র দাতা নিম্ন তপশীল বর্ণীত সম্পত্তি বা তাহার কোনও অংশ ইতিপুর্বে অপর কাহাকেও দান বিক্রয় বা কোনো প্রকার হস্তান্তরাদি করি নাই বা করিব বলিয়া কাহারো নিকট অঙ্গীকারবদ্ধ অথবা কাহারো সহিত চুক্তিবদ্ধ হই নাই। নিম্ন তপশীল বর্ণীত সম্পত্তি কোনো আদালত কতৃক আবদ্ধ বা চার্জ যুক্ত নাই ,উহা কাহারো বাবদ জামীনে বা কোনো ঋন বাবদ মর্টগেজড বা আবদ্ধ নাই, উহা সরকার বা সরকার অনুমদীত কোনো সংস্থা কতৃক গৃহীত বা অ্যাকোয়ার্ড হয় নাই। উহা সম্পুর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় তোমাকে দান করিলাম ও তোমাকে নিম্ন তপশীল বর্ণীত সম্পত্তির দখলে স্থাপন করিলাম ।তুমি দানপত্র গ্রহীতা মায় তোমার ওয়ারিশ ও স্থলাভিষিক্তগনক্রমে নিম্ন তপশীল বর্ণীত সম্পত্তিতে পরম সুখে ভোগ দখল করিতে থাক বা থাকিবে ইহাতে অপর কেহ কোনো প্রকার ওজর আপত্তি করিতে পারিবে না।

এতদর্থে সুস্থ শরীরে সরল অন্তঃকরণে অন্যের বিনা অনুরোধে বা প্রোরোচনায় সম্পূর্ন স্বেচ্ছায় আমি দানপত্র দাতা, তুমি দানপত্র গ্রহীতা তোমার নাম বরাবর অত্র দানপত্র প্রস্তুত করাইয়া তাহা পাঠ করিয়া বা করাইয়া তাহা নিজের মনমত ও সঠিক হইয়াছে জানিয়া ইহাতে স্বাক্ষীগন স্বমক্ষে স্বাক্ষর করিয়া দিলাম ।ইতি তাং ইংরাজী ২০২৩ সালের ১৫ই মে মোতাবেক বাংলা ১৪৩০সালের ৩১শে বৈশাখ।

## তপশীল সম্পত্তি

জেলা- হুগলী; জে.এল.নং- ১, মহকুমা, থানা, অতিরিক্ত জেলা অবর নিবন্ধক কার্য্যালয় ও মৌজা চন্দননগরের অধীন চন্দননগর পৌরনিগমের ১২ নং ওয়ার্ডের শুকদেব সিং রোড, উর্দ্দিবাজার নামক মহল্লায় সেটেলমেন্টের ১৪ নং সীটে আর.এস. ১৭১ নং খতিয়ান ভুক্ত আর.এস. ১৯৯ নং দাগে এবং এল.আর. ১১০ নং খতিয়ান ভুক্ত এল.আর. ২৪৫ নং দাগে এবং চন্দননগর পৌরনিগমের ১২ নং ওয়ার্ডের ৫৮৫/A হোল্ডিংভুক্ত ২ কাঠা ১ ছটাক ২৫

বর্গফুট বাস্তু সম্পত্তি মায় তদুপরিস্থিত বহু পুরাতন ১৫৩২ বর্গফুট দ্বিতল গৃহাদীর মধ্যে দাতার মালিকানাধীন অবিভক্ত ১/৩ অংশ বা ১১ ছটাক ৯ বর্গফুট বাস্তু সম্পত্তি মায় তদুপরিস্থিত তদুপরিস্থিত দ্বিতল গৃহাদীর অবিভক্ত ৫১১ বর্গফুট (ভূমিতলে ২৫৬ বর্গফুট এবং দ্বিতলে ২৫৫ বর্গফুট) অত্র দলিলের দানকৃত সম্পত্তি হইতেছে। সম্পত্তির পশ্চিম দিকে ৮ ফুট চওড়া কমন প্যাসেজের উপর যাবতীয় ইজমেন্ট রাইট অত্র দানপত্রের দানকৃত সম্পত্তির অন্তর্ভূক্ত হইতেছে। দানকৃত গৃহাদীর বয়স প্রায় ২০ বৎসর। গৃহাদীর মেঝে সাধারন সিমেন্টের। দানকৃত সম্পত্তির বর্তমান বাজার মূল্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা।

<u>দানকৃত সম্পত্তির চৌহদ্দী:-</u>

উত্তরে- মোহনলাল ঘোষ মহাশয়ের সম্পত্তি (Lot-C)

দক্ষীনে- মানিক লাল ঘোষ মহাশয়ের সম্পত্তি (Lot-A)

পুর্বে- শুকদেব সিং রোড,

পশ্চিমে- ৮ ফুট চওড়া কমন প্যাসেজ।

আমি অত্র দানপত্রের গ্রহীতা অত্র দান সানন্দে গ্রহণ করিলাম।

Monojit Ghosh

অত্র দলিলের দাখিল কারকের স্ব-প্রত্যায়িত পাসপোর্ট আকারের ছবি এবং সকলের স্ব স্ব প্রত্যায়িত দুই হস্তের অঙ্গুলীর টিপ ছাপ অত্র সহ সংলগ্নকৃত হইল, যাহা দলিলের একাংশ বলিয়া গন্য হইবে।

অত্র দানপত্র দলিল স্ট্যাম্প সহ মোট 07 ফর্দে প্রস্তুত হইল এবং ইহাতে 02 জন সাক্ষী রহিল।

ইসাদি

1/ Arun Kumar Ghosh
S/o Lt Bonamali Ghosh
Vill- Merla, Post- Akna

ড্রাফট্‌কারক ও কম্পিউটার প্রিন্টকারক


Debojit Ghosh

দেবজীত ঘোষ
এ্যাডভোকেট, চন্দননগর কোর্ট
চন্দননগর, হুগলী
এনরোলমেন্ট নং- WB/1AA/1997

2/ Tapas Seal
S/o Lt- Biswanath Seal
Kalupukur. Chandannagar
Aadhaar- 7123 4306 0430

# দুই হাতের আঙ্গুল- এর ছাপ (টিপ)

ক্রেতা / বিক্রেতা / দাতা / গ্রহীতা / বায়নাদাতা / বায়নাগ্রহীতা



শান্তী ঘোষ

| বাঁহাতের আঙ্গুলের ছাপ | | | ডান হাতের আঙ্গুলের ছাপ |
|---|---|---|---|
| | বৃদ্ধাঙ্গুলী | বৃদ্ধাঙ্গুলী | |
| | তর্জ্জনী | তর্জ্জনী | |
| | মধ্যমা | মধ্যমা | |
| | অনামিকা | অনামিকা | |
| | কনিষ্ঠা | কনিষ্ঠা | |

শান্তী ঘোষ

..................................................






স্বাক্ষর / টিপসহি

(যে ব্যক্তির দুই হাতের আঙ্গুলের ছাপ(টিপ) লওয়া হল)

## দুই হাতের আঙ্গুল- এর ছাপ (টিপ)

ক্রেতা / বিক্রেতা / দাতা / গ্রহীতা / বায়নাদাতা / বায়নাগ্রহীতা



| বাঁহাতের আঙ্গুলের ছাপ | | | ডান হাতের আঙ্গুলের ছাপ |
|---|---|---|---|
|  | বৃদ্ধাঙ্গুলী | বৃদ্ধাঙ্গুলী |  |
|  | তর্জ্জনী | তর্জ্জনী |  |
|  | মধ্যমা | মধ্যমা |  |
|  | অনামিকা | অনামিকা |  |
|  | কনিষ্ঠা | কনিষ্ঠা |  |

স্বাক্ষর / টিপসহি

(যে ব্যক্তির দুই হাতের আঙ্গুলের ছাপ(টিপ) লওয়া হল)